

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفصل الثاني

আরবী

وَعَنْ أَبِي ذَرِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَفْضَلُ الْأَعْمَالِ الْحُبُّ فِي اللَّهِ وَالْبُغْضُ فِي اللَّهِ» . رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

৩২-[৩১] আবূ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ 'আমলের মধ্যে সর্বোৎকৃষ্ট হলো আল্লাহর ওয়াস্তে ভালোবাসা, আর আল্লাহর জন্যই কারো সাথে ঘৃণা ও শক্রতা পোষণ করা। (আবূ দাউদ)[1]

English

Chapter - Section 2

Abu Dharr reported God's messenger as saying, "The most excellent action is love for God's sake and hatred for God's sake."

Abu Dawud transmitted it.

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৪৫৯৯, য'ঈফুত্ তারগীব ১৭৮৬। দু'টি কারণে- প্রথমত সাহাবী আবূ বাকর থেকে বর্ণনাকারী অপরিচিত ব্যক্তি, দ্বিতীয়ত ইয়াযীদ বিন যিয়াদ দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লাহর জন্য ভালোবাসা তাঁর ওয়ালী ও নৈকট্যপ্রাপ্ত লোকেদেরকে ভালোবাসা আবশ্যক করে দেয়। আর তাঁদেরকে ভালোবাসার জন্য শর্ত হলো তাদের পদাঙ্ক অনুসরণ করা এবং তাদের আনুগত্য করা। এ হাদীস থেকে



বুঝা যায় যে, লোকেদের জন্য শক্র থাকা জরুরী যাদের সাথে সে আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য বিদ্বেষ পোষণ করবে। পক্ষান্তরে তার এমন কিছু বন্ধু থাকবে যাদেরকে আল্লাহর সন্তুষ্টির জন্যই ভালোবাসবে। এর বিশদ বর্ণনা হচ্ছে যে, যখন তুমি কোন লোককে আল্লাহর আনুগত্য করা ও তাকে ভালোবাসার কারণে ভালোবাসবে তখন যে যদি আল্লাহর অবাধ্যতা করে তাহলে অবশ্যই তুমি তার সাথে বিদ্বেষ পোষণ করবে। এজন্য যে, সে আল্লাহর অবাধ্য পাপী এবং আল্লাহর নিকট অপ্রিয়। অতএব সে ব্যক্তি কোন কারণে কাউকে ভালোবাসলে এর বিপরীত কারণের জন্য অবশ্যই বিদ্বেষ রাখবে। আর ভালোবাসা ও বিদ্বেষ পোষণ করার স্বাভাবিক নিয়ম এটাই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন